

মেলান্দহ সরকারি কলেজ
অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১
একাদশ শ্রেণি
হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র
পূর্ণমানঃ ১০০

(সকল প্রশ্নের উত্তর দাও)

'ক' বিভাগ (৩০×১=৩০)

- ১। ঘটনা ও লেনদেনের মধ্যে দুটি পার্থক্য লেখ।
- ২। হিসাব সমীকরণটি লেখ।
- ৩। মূলধন কাকে বলে? উদাহরণ দাও।
- ৪। হিসাব চক্রের কয়টি ধাপ রয়েছে?
- ৫। দু'তরফা দাখিলা পদ্ধতির দুটি সীমাবদ্ধতা উল্লেখ কর।
- ৬। মালিক কর্তৃক পণ্য উত্তোলন করলে জাবেদা কী হবে?
- ৭। VAT এর পূর্ণরূপ কী?
- ৮। তিনঘরা নগদান বইয়ের একটি ছক অংকন কর।
- ৯। ব্যাংক সমন্বয় বিবরণী কাকে বলে?
- ১০। ডেবিট মেমোরেন্ডাম কী?
- ১১। NSF চেক কী?
- ১২। ব্যাংক হিসাব প্রধানত কয় প্রকার?
- ১৩। ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
- ১৪। চেকে দাগকাটা হয় কেন?
- ১৫। কোন বই থেকে রেওয়ামিল প্রস্তুত করা হয়?
- ১৬। পরিপূরক ভুল কী?
- ১৭। কন্ট্রা এন্ট্রি বলতে কী বুঝ?
- ১৮। অনিশ্চিত হিসাব কীভাবে বন্ধ করতে হয়?
- ১৯। ভুল সংশোধনী দাখিলা হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী দিতে হয়?
- ২০। রেওয়ামিলের দুটি বৈশিষ্ট্য লেখ।
- ২১। হিসাব তথ্যের গুণগত বৈশিষ্ট্যগুলো লেখ।
- ২২। হিসাববিজ্ঞানের নীতিমালা কয়টি ও কী কী?
- ২৩। FASB এর পূর্ণরূপ লেখ।
- ২৪। পূর্ণ প্রকাশ নীতি কী?
- ২৫। অব্যবসায়ী প্রতিষ্ঠান কাকে বলে? উদাহরণ দাও।
- ২৬। ইস্যুকৃত চেক কী?

- ২৭। শেয়ার অধিহার কী?
২৮। দু'তরফা দাখিলা পদ্ধতির জনক কে?
২৯। হিসাবের পাকা বই কোনটি?
৩০। C/D বলতে কী বুঝ?

'খ' বিভাগ (৩০+২০+২০=৭০)

১। জনাব করিম ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে নগদ ২,০০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকার অফিস সরঞ্জাম নিয়ে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন হলো:

- জানু.-২: অফিস ভাড়া পরিশোধ করা হল ২০,০০০ টাকা।
,, -৮: পণ্য ক্রয় ১,৬০,০০০ টাকা, যা ৪০% নগদে প্রদান করা হলো।
,, -১০: নগদে পণ্য বিক্রয় ৯০,০০০ টাকা (বিক্রীত পণ্যের ব্যয় ৬৫,০০০ টাকা)।
,, -১৩: ধারে পণ্য বিক্রয় ১,২৫,০০০ টাকা (বিক্রীত পণ্যের ব্যয় ৮০,০০০ টাকা)
,, -২১: বিক্রয় ফেরত ১০,০০০ টাকা (বিক্রীত পণ্যের ব্যয় ৬,৫০০ টাকা)।
,, -২৭: প্রাপ্য হিসাব হতে আদায় ৮০,০০০ টাকা।
,, -২৯: বেতন খরচ পরিশোধ ২৫,০০০ টাকা।
,, -৩১: মালিক কর্তৃক উত্তোলন ১৫,০০০ টাকা।

ক) জনাব করিমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর।

খ) লেনদেনগুলোকে টেবুলার ছকে উপস্থাপন কর।

গ) আয় বিবরণী প্রস্তুত কর।

২। জনাব রাহাত এর ২০১৯ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংগঠিত হয়:
মার্চ-১: ১০% বাড্রায় পণ্য বিক্রয় ২,৬০,০০০ টাকা। (যার ৪০% ধারে, ৩০% চেকে এবং অবশিষ্ট অংশ নগদে)

মার্চ-৫: জীবন বিমা সেলামি প্রদান ৩,৫০০ টাকা।

মার্চ-১৫: অতিরিক্ত মূলধন আনয়ন ৫০,০০০ টাকা।

মার্চ-২৫: পণ্য ক্রয় ৬০,০০০ টাকা। (৫০% নগদে এবং ৫০% চেকে)

মার্চ-২৭: বিলের মাধ্যমে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

মার্চ-২৮: মালিকের জন্য চেক কাটা হলো ১০,০০০ টাকা।

ক) জাবেদা দাখিলা দাও।

খ) বিক্রয় হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর।

গ) নগদান হিসাব প্রস্তুত কর। প্রারম্ভিক মূলধনের জের ৬০,০০০ টাকা ধরে মূলধন হিসাব প্রস্তুত কর।

৩। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেলান্দহ ট্রেডার্স এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপঃ

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
হাতে নগদ	২৫,৫০০	ক্রয়	৪৫,০০০
প্রাপ্য হিসাব	২৫,০০০	প্রদেয় হিসাব	১৫,০০০
মূলধন	১,০০,০০০	অনুত্তীর্ণ বিমা সেলামি	৪,০০০
কলকজা	৮০,০০০	ট্রেডমার্ক	৫০,০০০
অনাদায়ী পাওনা আদায়	২,০০০	বিক্রয়	৭৫,০০০
মজুরি	৫,০০০	ডকচার্জ	৪,৫০০
কমিশন প্রাপ্তি	১,০০০	অনুপার্জিত উপভাড়া	১০,০০০
শিক্ষানবিশ সেলামি	১০,০০০	ব্যাংক জমাতিরিক্ত	২৩,০০০
১০% সঞ্চয়পত্র	১০,০০০	আমদানি শুল্ক	৫,০০০
প্রদেয় বিল	১৭,০০০	প্রদেয় বেতন	১,০০০

ক) মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর।

খ) রেওয়ামিল প্রস্তুত কর।

গ) চলতি সম্পত্তি ও চলতি দায়ের মধ্যে পার্থক্য নির্ণয় কর।